আলমডাঙ্গা কুমারি ইউনিয়ন পরিষদের নতুন ভবন উদ্বোধন

আলমডাঙ্গা উপজেলার কুমারি ইউনিয়ন পরিষদের নবনির্মিত কমপ্লেক্স ভবন উদ্বোধন করা হয়েছে। বৃহস্পতিবার বেলা ১১টায় ফলক উন্মোচনের মধ্য দিয়ে চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য সোলাইমান হক জোয়াদ্দার ভবনটির উদ্বোধন করেন।

এছাড়াও একই দিন কুমারি ইউনিয়ন পরিষদের অর্থায়নে কুমারি বাজার প্রাঙ্গণে বীর মুক্তিযোদ্ধার স্মৃতিফলক উদ্বোধন করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে কুমারি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও চেয়ারম্যান আবু সাঈদ পিন্টুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সভাপতি ও চুয়াডাঙ্গা ১ আসনের সংসদ সদস্য সোলাইমান হক জোয়াদ্দার ছেলুন।

প্রধান অতিথির বক্তব্যে সংসদ সদস্য ছেলুন জোয়াদ্দার বলেন, দেশের মানুষের মানউন্নয়নে কাজ করছে সরকার। ২য় ফেজ এর মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সারাদেশের সাথে চুয়াডাঙ্গা জেলায় ভূমিহীনদের ঘর উপহার দেন। সরকারের উদ্যোগে ৩য় ফেজে যাদের জমি আছে ঘর নাই তাদের ঘর দেবার ঘোষণা দেন।

তিনি আরো বলেন, বর্তমানে সরকার ব্যাপক উন্নয়নের মাধ্যমে দেশকে রোল মডেল তৈরি করেছে। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সভাপতি আবু মুছা, সাধারণ সম্পাদক ইয়াকুব আলি মাস্টার, সাবেক আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সভাপতি মজিবর রহমান, সাবেক সহ-সভাপতি লিয়াকত আলি লিপু মোল্লা প্রমূখ, প্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন ।

অনুষ্টানটি পরিচালনা করেন কুমারি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাক।